১৩/৮/২০০৩

তারিখ ...
পৃঃ ৬ কলাম ৭

দৈনিক ইনকিলাব

## শিবির ও ছাত্রলীগের পাল্টাপাল্টি দাবীনামা উত্থাপন

# কাল চবি সিন্ডিকেট বৈঠক

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি এখন আগামীকাল (সোমবার) নির্ধারিত সিন্ডিকেট সভার দিকে। গত ১৩ আগস্ট ছাত্রলীগ- শিবির-পুলিশের ত্রিমুখী বন্দুকযুদ্ধের পর অনির্দিষ্টকাল বন্ধ ঘোষিত বিশ্ববিদ্যালয়টির ভাগ্য নির্ধারিত হবে এই সিন্ডিকেট সভায়। ফলে ছাত্র সংগঠনগুলো তাদের দাবী ও বক্তব্য নিয়ে সোচ্চার হয়েছে। শিবির-ছাত্রলীগ পৃথক পৃথকভাবে উত্থাপন করেছে পাল্টাপাল্টি অভিযোগ ও দাবীনামা। শিবির ইতোমধ্যে ভিসিকে প্রদত্ত স্মারকলিপিতে ৮ দফা দাবী উত্থাপন করে বলেছে, ২০ আগস্টের মধ্যে দাবী বাস্তবায়ন না হলে ভার্সিটিতে লাগাতার অবরোধ চলবে। শিবিরের উত্থাপিত দাবীর সপক্ষে আজ রবিবার চট্টগ্রামের লালদীঘি মাঠে সর্বদলের ছাত্রঐক্যের ছাত্র গণজমায়েত অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে। শিবিরের কেন্দ্রীয় সভাপতিসহ ছাত্রঐক্যের নেতৃবৃন্দ বক্তব্য রাখার কথা। অন্যদিকে গতকাল শনিবার বিকেলে শহরের একটি হোটেলে ছাত্রলীগের পক্ষ হতে ৬ দফা দাবী উত্থাপন করা হয়েছে। এগুলো হচ্ছে ২৭ জুলাই ও ১৩ আগস্টের ঘটনার নিরপেক্ষ তদন্ত এবং ৭ দিনের মধ্যে রিপোর্ট প্রকাশ ও দোষীদের শাস্তি প্রদান। ২ নম্বর গেট সংলগ্ন এলাকা থেকে সন্ত্রাসীদের গ্রেফতার ও অবৈধ অস্ত্র উদ্ধার, রব হলের প্রভোস্টকে অপসারণ ও হলের ক্ষতিগ্রস্ত ছাত্রদের ক্ষতিপূরণ প্রদান, পরিবেশ পরিষদ পুনর্গঠন, ক্যাম্পাসে স্বাভাবিক পরিবেশ নিশ্চিত করে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়া। সাংবাদিক সম্মেলনে বক্তব্য পাঠ করেন নাসির হায়দার বাবুল। এ সময় সভাপতি জিল্লুর রহমান হলের আলী মর্তুজা চৌধুরীসহ অপরাপর নেতারা উপস্থিত ছিলেন।